# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 16-10-2025** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধ্রপ্রদেশের কুরনুলে বহু কোটি টাকার একাধিক উন্নয়ন মূলক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন।

২) মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে ভারতের জ্বালানী সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনা চলছে বলে বিদেশ মন্ত্রকের মুখপাত্র জানিয়েছেন।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লীতে "পলাতক প্রত্যার্পণ চ্যালেঞ্জ ও কৌশল" শীর্ষক সম্মেলনের উদ্বোধন করেছেন।

৪) শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হরিণী অমরসূর্য তাঁর প্রথম ভারত সফরে নতুন দিল্লী এসে পৌঁছেছেন।

৫) চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে, পশ্চিমবঙ্গে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর ভোটার তালিকা থেকে শতাধিক বাংলাদেশী নাগরিকের নাম বাদ দিয়েছে।

৭) বিশ্ব জুনিয়ার ব্যাডমিন্টন চ্যাম্পিয়ানশিপে ভারতের তানভি শর্মা, উন্নতি হুডা এবং রক্ষিতা শ্রী প্রি কোয়ার্টার ফাইনালে উঠেছেন।

-------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধ্রপ্রদেশের কুরনুলে ১৩ হাজার ৪৩০ কোটি টাকা ব্যয়ে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করে জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন। শিল্প, বিদ্যুৎ সরবরাহ, সড়ক, রেল , প্রতিরক্ষা উৎপাদন, প্রেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস ইত্যাদি ক্ষেত্রে এই প্রকল্পগুলি হাতে নেওয়া হয়েছে। পরিকাঠামো উন্নয়ন, শিল্প পরিবেশ তৈরি, রাজ্যের আর্থ-সামাজিক উন্নয়নের স্বার্থে সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন হলো এই প্রকল্প। এই উপলক্ষে এক জনসমাবেশে ভাষণও দেবেন শ্রী মোদী। আজ প্রধানমন্ত্রী নান্দিয়াল জেলায় শ্রী ভমোরম্ব মল্লিকার্জুন স্বামী ভারলা দেবস্থানমে পুজো দিয়ে শ্রী শৈলমে, শ্রী শিবাজী স্পুর্তি কেন্দ্র পরিদর্শন করছেন তিনি।

---------------------

বর্তমান মার্কিন প্রশাসন ভারতের সঙ্গে জ্বালানি সহযোগিতা জোরদার করতে আগ্রহ দেখিয়েছে, এ বিষয়ে আলাপ-আলোচনা চলছে বলে বিদেশ মন্ত্রক জানিয়েছে। জ্বালানি কেনা নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেছেন, ভারত দীর্ঘদিন ধরেই জ্বালানি সংগ্রহ বাড়ানোর চেষ্টা করছে, গত দশকে এই পদক্ষেপ ক্রমশ অগ্রগতি লাভ করেছে।

তিনি আরও বলেন, বিশ্ব বাজারে জ্বালানির দামে অস্থির পরিস্থিতিতে ভারতের তেল আমদানি নীতি সম্পূর্ণভাবে ভারতীয় গ্রাহকদের স্বার্থ রক্ষার লক্ষ্যে পরিচালিত হয়। বিদেশ মুখপাত্র জানান, স্থিতিশীল জ্বালানি মূল্য নিশ্চিত করা এবং নিরবচ্ছিন্ন সরবরাহ বজায় রাখা ভারতের জ্বালানি নীতির দুটি প্রধান লক্ষ্য।

----------------------

এদিকে, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে মহান ব্যক্তি এবং ভারতকে অতুলনীয় এক আশ্চর্য্য এক দেশ বলে বর্ণনা করেছেন। হোয়াইট হাউসে এক সাংবাদিক বৈঠকে ট্রাম্প বলেছেন, মালয়েশিয়ায় আসন্ন আশিয়ান শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে তাঁর সাক্ষাৎ হতে পারে।

বাইট

আমেরিকার সঙ্গে ভারতের বাণিজ্য আলোচনার মধ্যেই ডোনাল্ড ট্রাম্পের এই মন্তব্যকে তাতপর্য্যপূর্ণ বলে ওয়াকিবহাল মহল মনে করছে।

-----------------------

সন্ত্রাসবাদ, অর্থনৈতিক অস্থিতিশীলতা এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধির ওপর জোর দিয়েছেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। তিনি বলেন, এই সমস্যাগুলি আন্তর্জাতিক এবং পারস্পরিক সংযুক্ত। তিনি আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে প্রতিযোগিতা নয় বরং সহযোগিতামূলক পদ্ধতির ওপর জোর দেন। নতুনদিল্লিতে রাষ্ট্রসংঘে সেনা সরবরাহকারী দেশগুলির প্রধানদের সম্মেলনে ভাষণে মন্ত্রী একথা বলেন।

-----------------------

বিদেশ মন্ত্রী ড. এস জয়শঙ্কর আজ নতুন দিল্লিতে শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী ড. হারিনি আমারাসুরিয়ার সঙ্গে সাক্ষাৎ করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে ড. জয়শঙ্কর জানিয়েছেন, শ্রীলঙ্কার প্রতি ভারতের সমর্থন এবং দুই দেশের মধ্যে শিক্ষা ও সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার বিষয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছে।

উল্লেখ্য, শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীর এটিই প্রথম ভারত সফর।, তিনি প্রধানন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গেও সাক্ষাৎ করবেন।

-----------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, দুর্নীতি, অপরাধ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকার সবসময়ই আপোষহীন নীতি গ্রহণ করে আসছে। নতুন দিল্লীতে তিনি আজ “পলাতক প্রত্যার্পণ চ্যালেঞ্জ ও কৌশল” শীর্ষক সম্মেলনে অংশ নিয়ে বলেন, সব অপরাধীদের আইনের আওতায় আনতে এক শক্তিশালী ব্যবস্থাপনা গ্রহণ করা হচ্ছে। প্রত্যেকটি পলাতকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা করা হবে এবং ভারতের বিচারব্যবস্থার অধীনে আনা হবে।

বাইট

মন্ত্রী বলেন, দেশের সীমান্ত সুরক্ষা সুনিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আইনের শাসন শক্তিশালী করা হচ্ছে। শ্রী শাহ বলেন, অর্থনৈতিক ক্ষেত্রে পলাতক অপরাধীদের শাস্তির জন্য সরকার ২০১৮ সালে একটি আইন নিয়ে আসে। এর আওতায় পলাতক অপরাধীদের সম্পত্তি বাজেয়াপ্ত করার ক্ষমতা দেওয়া হয়েছে নির্দিষ্ট কর্তৃপক্ষগুলিকে। এই আইনের ফলে চার বছরের মধ্যে ২শো কোটি মার্কিন ডলারেরও বেশি সম্পত্তি উদ্ধার করতে সক্ষম হয়েছে সরকার।

অমিত শাহ বলেন, আর্থিক তছরুপ সংক্রান্ত অপরাধের ক্ষেত্রে আইনগুলিকেও শক্তিশালী করা হয়েছে। যার ফলে ২০১4 থেকে ২৩ এর মধ্যে প্রায় ১২শো কোটি মার্কিন ডলার মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।

উল্লেখ্য, দুদিন ব্যাপী এই সম্মেলনের আয়োজন করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। এই সম্মেলনে কেন্দ্র ও রাজ্য পুলিশ এবং বিভিন্ন তদন্তকারী সংগঠনের উচ্চপদস্থ আধিকারিকরা যোগ দিয়েছেন। আন্তর্জাতিক পুলিশি সহযোগিতার বিভিন্ন ক্ষেত্র এবং ভারত থেকে পলাতক অপরাধীদের দেশ ফিরিয়ে আনা সহ তাদের শাস্তির বিষয়গুলি নিয়ে এখানে আলোচনা করা হবে।

----------------------

দেশজুড়ে পণ্য ও পরিষেবা কর কাঠামোয়  পরিবর্তন ইতোমধ্যেই কার্যকর হয়েছে। জীবন বীমা ও ব্যক্তিগত স্বাস্থ্যবীমার ক্ষেত্রে জিএসটি সম্পূর্ণ ছাড় দেওয়া হয়েছে । এর ফলে সাধারণ মানুষ ভীষণ ভাবে উপকৃত হবেন এবং তাদের বিমা করানোর আগ্রহ বাড়বে বলে মনে করেন এক স্বাস্থ্য বীমা কর্মী।

বাইট

----------------------

চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে, পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর ভোটার তালিকা থেকে শতাধিক বাংলাদেশী নাগরিকের নাম বাদ দিয়েছে। রাজ্যের ১০টি জেলায় মোট ১১২ জম বাংলাদেশী নাগরিককে প্রাথমিকভাবে বিদেশী আঞ্চলিক নিবন্ধন অফিস (এফআরআরও) শনাক্ত করেছে। ৭৫০ জনেরও বেশি সন্দেহভাজনকে নিয়ে  তদন্ত এখনও চলছে। বাংলাদেশী নাগরিকদের মধ্যে ভারতীয় ভোটার কার্ডের উপস্থিতি নির্বাচন কমিশনের কাছে উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। জানা গেছে, কলকাতা, মুম্বাই এবং দিল্লীর বিমানবন্দরে ইমিগ্রেশনের সময় এই ঘটনাগুলি প্রকাশ্যে আসে। কিছু বাংলাদেশী নাগরিকের কাছে বাংলাদেশী পাসপোর্টের

পাশাপাশি ভারতীয় ভোটার কার্ডও পাওয়া গিয়েছে। পরে তাঁদের জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়।

যে ১০টি জেলা থেকে এই ধরণের ঘটনা ঘটেছে সেগুলি হল উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, হুগলি, পূর্ব বর্ধমান, পূর্ব মেদিনীপুর, মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর এবং কোচবিহার।

----------------------

বিহারের বিধানসভা নির্বাচনে ১৮ জন প্রার্থীর নাম সহ তৃতীয় তালিকা প্রকাশ করেছে বিজেপি। এই নিয়ে বিজেপি এডিএ-এর আসন ভাগাভাগিতে বিধানসভার ১০১ টি আসনে প্রার্থী নাম দিল। তৃতীয় তালিকায় রয়েছেন নারকাটিয়াগঞ্জ থেকে সঞ্জয় পাণ্ডে, চানপাতিয়া থেকে উমাকান্ত সিং ও চিরাইয়া থেকে লালবাবু প্রসাদ গুপ্তা। বিহারে বিধানসভার কোচাধামন আসনে বিনা দেবী, পিরপানিতি থেকে মুরারি পাসওয়ান ও রাঘোপুর থেকে সতীশ কুমার যাদব নির্বাচনী লড়াই লড়বেন।

দ্বিতীয় প্রার্থী তালিকায় ১২ জনের নাম রয়েছে। সঙ্গীত শিল্পী মৈথিলী ঠাকুর আলিনগর এবং প্রাক্তন IPS আধিকারিক আনন্দ মিশ্র, বক্সার আসন থেকে প্রার্থী হয়েছেন। এর আগে  বিজেপি ৭১ জনের প্রথম প্রার্থী তালিকা ঘোষণা করে।

কেন্দ্রীয় মন্ত্রী চিরাগ পাসোয়ানের নেতৃত্বাধীন লোক জনশক্তি পার্টি (রাম বিলাস) গতকাল বিহার বিধানসভা নির্বাচনের জন্য ১৪ জন প্রার্থীর প্রথম তালিকা প্রকাশ করেছে। দলটি গোবিন্দগঞ্জ থেকে রাজু তিওয়ারি, সিমরি বখতিয়ারপুর থেকে সঞ্জয় কুমার সিং, দারুলি থেকে বিষ্ণু দেব পাসোয়ান, গড়খা থেকে সীমান্ত মৃণাল, সাহেবপুর থেকে সুরেন্দ্র কুমার, বাখরি থেকে সঞ্জয় কুমার এবং পার্বত্ত থেকে বাবুলাল শৌর্যকে প্রার্থী করেছে।

-----------------------

বিহার বিধানসভা নির্বাচনের জন্য জনতা দল ইউনাইটেড ৪৪ জন প্রার্থীর দ্বিতীয় তালিকা প্রকাশ করেছে। দ্বিতীয় তালিকায় জায়গা পেয়েছেন গতবারের একাধিক প্রার্থী। নীতিশ কুমার সরকারের ক্যাবিনেট মন্ত্রী লেশি সিং, জয়ন্ত রাজ, সুমিত কুমার সিং এবং শিলা মণ্ডলের নাম তালিমায় রয়েছে।

-----------------------

ব্রাজিলের উপরাষ্ট্রপতি জেরাল্ডো অ্যাল্কমেন, আজ উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণের সঙ্গে নতুন দিল্লীতে বৈঠক করেছেন। তিনদিনের সফরে অ্যাল্কমেন এখন ভারতে। আজ বিকেলে  বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূশ গোয়েলের সঙ্গে বৈঠকে তিনি মন্ত্রী পর্যায়ের বাণিজ্য পর্যালোচনায় যোগ দেবেন। ব্রাজিলের উপরাষ্ট্রপতির এই সফরে দ্বিপাক্ষিক বাণিজ্য ও লগ্নি, অগ্রাধিকার প্রাপ্ত ক্ষেত্রগুলিকে চিহ্নিত করা ও বহুমুখী সামরিক কৌশলগত অংশীদারিত্বের সম্পর্ককে আরও মজবুত করার সুযোগ পাওয়া যাবে। ল্যাটিন আমেরিকায় ভারতের বৃহত্তম বাণিজ্য অংশীদার দেশ হল ব্রাজিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাম্প্রতিক ব্রাজিল সফরকালে দুই দেশ মন্ত্রী পর্যায়ের পর্যালোচনা ব্যবস্থাপনা গঠন করতে একমত হবে। আগামী পাঁচ বছরের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ২ কোটি মার্কিন ডলার করার লক্ষ্যমাত্রাও স্থির করা হয়।

-----------------------

মিশরের বিদেশমন্ত্রী বদর আবদেলাত্তি দুদিনের সফরে আজ নতুন দিল্লি এসে পৌঁছেছেন। বিদেশমন্ত্রকের মুখপাত্র রনধীর জয়সওয়াল জানিয়েছেন, শ্রী আবদেলাত্তি প্রথম ভারত মিশর কৌশলগত আলোচনায় যোগ দেবেন। তিনি আরও বলেন, দুদেশের মধ্যে সামরিক কৌশলগত সম্পর্কের অগ্রগতি খতিয়ে দেখা এবং আঞ্চলিক ও

আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে মত বিনিময়ের সুযোগ পাওয়া যাবে শ্রী আবদেলাত্তির এই সফরকালে। মিশরের বিদেশমন্ত্রী তাঁর এই সফরে পররাষ্ট্র মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রী শিল্পমন্ত্রী পীযূষ গোয়েলের সঙ্গে বৈঠক করবেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গেও বৈঠক করবেন।

----------------------

নির্বাচন কমিশন বিহার বিধানসভা নির্বাচনের কথা মাথায় রেখে জাতীয় ও আঞ্চলিক স্বীকৃত রাজনৈতিক দলগুলোর জন্য দুরদর্শন এবং আকাশবাণীতে সম্প্রচার সময় বেঁধে দিয়েছে। কমিশন ডিজিটাল ভাউচারের মাধ্যমে জাতীয় ও রাজ্য দলগুলোর জন্য দুরদর্শন এবং আকাশবাণীতে বিনামূল্যে সম্প্রচারের সময় বরাদ্দ করেছে।

এই প্রকল্পের আওতায়, প্রতিটি দলের জন্য দুরদর্শন এবং আকাশবাণীতে ৪৫ মিনিটের সময় বরাদ্দ হয়েছে। গত বিধানসভা নির্বাচনে বিহারে রাজনৈতিক দলগুলির ফলাফলের ভিত্তিতে বরাদ্দ করা হয়েছে অতিরিক্ত সময় । রাজনৈতিক দলগুলোকে নির্দেশিকা অনুযায়ী সম্প্রচারের জন্য স্ক্রিপ্ট এবং রেকর্ডিং আগাম জমা দিতে হবে। প্রসার ভারতী নিগম বিহারের জন্য দুরদর্শন এবং আকাশবাণীতে সর্বাধিক দুটি প্যানেল আলোচনা ও বিতর্কের আয়োজন করবে।

----------------------

ব্যাডমিন্টনে, ওপেনের ভারতের লক্ষ্য সেন আজ ওডেনসে ডেনমার্ক প্রি-কোয়ার্টার ফাইনালে ডেনিশ খেলোয়াড় অ্যান্ডার্স অ্যান্টোনসেনের মুখোমুখি হবেন। গতকাল লক্ষ্য সেন আয়ারল্যান্ডের নাত নুয়িয়েনকে হারিয়ে দেন।

পুরুষদের ডাবলসে ষষ্ঠ বাছাই সাত্ত্বিক সাইরাজ রাঙ্কি রেড্ডি এবং চিরাগ শেট্টি জুটি প্রি-কোয়ার্টার ফাইনালে আজ চিনা-তাইপের ইয়াং পো-হেন এবং লিউ কুয়াং-হেং এর মুখোমুখি হবেন।

-----------------------

ভারতের তানভি শর্মা, উন্নতি হুদা, রক্ষিতা শ্রী ব্যাডমিন্টন বিশ্ব জুনিয়র চ্যাম্পিয়নশিপে প্রি কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে। তানভি ইন্দোনেশিয়ার ওয়েই উইনারটোকে ১৫-১২, ১৫-৭ গেমে হারিয়ে দিয়েছেন। উন্নতি, মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যালিস ওয়াং কে ১৫-৮, ১৫-৫ গেমে হারিয়ে দিয়েছেন। রক্ষিতা সিঙ্গাপুরের আলিয়া জাকারিয়াকে ১১-১৫, ১৫-৫, ১৫-৮ গেমে হারিয়ে দিয়েছেন।

----------------------- -----------------------